

# যুগান্তর

প্রিন্ট: ১৩ আগস্ট ২০২৫, ১০:০৮ এএম

সারাদেশ

## গবেষণার মাধ্যমে নতুন জ্ঞানের ক্ষেত্র উন্মোচন করতে হবে: রাবিপ্রবি ভিসি



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১১ আগস্ট ২০২৫, ০৭:৫৮ পিএম



গবেষণার মাধ্যমে নতুন নতুন জ্ঞানের ক্ষেত্র উন্মোচন করতে শিক্ষার্থীদের আহ্বান জানিয়েছেন  
রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. আতিয়ার রহমান।

সোমবার সকালে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন-১ এর সভাকক্ষে রাবিপ্রবিতে ২০২৪-২০২৫  
শিক্ষাবর্ষে বিভিন্ন বিভাগে ১ম বর্ষে ভর্তি হওয়া শিক্ষার্থীদের ওরিয়েন্টেশন প্রোগ্রামে তিনি এ  
আহ্বান জানান।

উপাচার্য বলেন, তোমরা এ বিশ্ববিদ্যালয়ে জ্ঞানচর্চা করবে, জ্ঞানচর্চার মাধ্যমে নিজের জানার  
ক্ষেত্রকে বিশ্বানন্দের করে তুলবে এবং গবেষণার মাধ্যমে নতুন নতুন জ্ঞানের ক্ষেত্র উন্মোচন  
করবে।

তিনি বলেন, আমাদের এই বিশ্ববিদ্যালয় নিয়ে যাদের হতাশা আছে, সে হতাশা দূর করবার জন্য  
এবং তোমাদের দাবি পূরণে প্রতি মুহূর্ত এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী সবাই মিলে  
আমরা কাজ করে যাব।

তিনি বলেন, আমরা আশা করব তোমরা আমাদের বিশ্ববিদ্যালয় পরিবারের এ সেতুবন্ধনকে  
মূল্যায়ন করবে।

শিক্ষার্থীদের উদ্দেশ্যে তিনি আরও বলেন, তোমরা পরীক্ষায় নকল করা থেকে অবশ্যই বিরত  
থাকবে ও প্রথাগত রাজনীতি থেকে দূরে থাকবে। তিনি শিক্ষার্থীদেরকে ডিনস (Deans)  
অ্যাওয়ার্ড পাওয়ার জন্য সকল মানদণ্ড অনুসরণ করে পড়াশোনা করার জন্য উৎসাহিত  
করেন।

ড. আতিয়ার শিক্ষার্থীদেরকে জ্ঞান চর্চার মাধ্যমে বৈষম্যহীন বাংলাদেশ গঠনে এবং দেশের  
উন্নতিতে কাজ করার আহ্বান জানান। এ বিশ্ববিদ্যালয়কে তিনি দেশের অন্যান্য আইকনিক  
বিশ্ববিদ্যালয়গুলোর সমতুল্য করার অভিপ্রায় ব্যক্ত করেন। তিনি শিক্ষার্থীদেরকে এ বিশ্ববিদ্যালয়  
থেকে বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়গুলোতে উচ্চতর ডিপ্রি গ্রহণ করার স্বপ্ন দেখান।

ওরিয়েন্টেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন ড. মুহাম্মদ রহিম উদ্দিন ও সায়েন্স, ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের ডিন ড. মুহাম্মদ জামশেদ আলম পাটোয়ারী। সভার সভাপতিত্ব করেন রাবিপ্রবির রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) মোহাম্মদ জুনাইদ কবির।

ওরিয়েন্টেশন প্রোগ্রামের শুরুতেই বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক জনাব আহমেদ ইমতিয়াজ, ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান সহযোগী অধ্যাপক মোহনা বিশ্বাস, ফরেস্ট্রি অ্যান্ড এনভায়রনমেন্টাল সায়েন্স বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক ড. নিখিল চাকমা, টুয়রিজম হসপিটালিটি ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান সহকারী অধ্যাপক মোসা হাবিবা এবং ফিশারিজ অ্যান্ড মেরিন রিসোর্সেস টেকনোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ড. মো. মতিউর রহমান চৌধুরীসহ সব বিভাগের চেয়ারম্যানরা ফুল দিয়ে নবীন শিক্ষার্থীদের বরণ করে নেন।

